দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 06 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ফরিদগঞ্জে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভ্যাকসিন দেয়ার নামে প্রতারণা

■ ফরিদগঞ্জ (চাঁদপুর) সংবাদদাতা

ফরিদগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভ্যাকসিন দেয়ার নামে একটি চক্র হাতিয়ে নিচ্ছে লাখ লাখ টাকা। কোনো প্রকার অনুমতি ছাড়াই সোনার বাংলা ফাউন্ডেশন নামে একটি প্রতিষ্ঠান কুমিল্লা ও চাঁদপুরে অফিস দেখিয়ে এ প্রতারণা করছে।

দামি গাড়ি ব্যবহার করে প্রথমে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের আকৃষ্ট করে বিভিন্ন কৌশলে তারা অর্থ হাতিয়ে নেয়। ওই চক্র এলাকার জনপ্রতিনিধি ও শিক্ষকদের ম্যানেজ করে অভিভাবকদের নিয়ে সেমিনার করে বলে- প্রতিটি হেপাটাইটিজ-বি ভ্যাকসিন বাজারে আটশ থেকে ৯শ টাকা। তারা প্রতিটি ভ্যাকসিনের মূল্য নিচ্ছে ৩৫০ টাকা। এতে অভিভাবকরা আকৃষ্ট হয়ে শিশুদের দিচ্ছে নাম না জানা (অনুমোদন বিহীন) এই ভ্যাকসিন।